# সখিপুর পৌরসভা কার্যালয়
## সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং- সপৌ/প্রকৌ/ ০১-২৮/২০২৬/ ৯৭ তারিখঃ ২৮/০১/২০২৬ খ্রি.

## হাট-বাজার ও পাবলিক টয়লেট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সখিপুর পৌরসভার নিয়ন্ত্রনাধীন নিম্নবর্ণিত হাট বাজার সমূহ এবং পাবলিক টয়লেট ১৪৩৩ বাংলা সনের ১ বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ইজারাদার/ব্যক্তিবর্গের নিকট হতে সীলমোহরকৃত খামে শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

তফসিল (১৪৩৩ বাংলা সনের হাট বাজার ও পাবলিক টয়লেট ইজারার ক্যালেন্ডার)

| ক্রঃ নং | হাট-বাজার ও পাবলিক টয়লেটের নাম | ১৪৩৩ বাংলা সনের সরকারি সম্ভাব্য মূল্য | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | পর্যায়ক্রমে সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | পর্যায়ক্রমে দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | সখিপুর হাট ও বাজার | ৬৩,৬৯,৭০০/- (তেষট্রি লক্ষ উনসত্তর হাজার সাতশত ) টাকা | ১৩,৪০০/- (তের হাজার চারশত) টাকা | ১ম বার-২২/০২/২০২৬<br>২য় বার-০২/০৩/২০২৬<br>৩য় বার-১১/০৩/২০২৬ | ১ম বার-২৩/০২/২০২৬<br>২য় বার-০৩/০৩/২০২৬<br>৩য় বার- ১২/০৩/২০২৬ |
| ০২ | কাহারতা বাংলা বাজার হাট | ৮,৯৮৪/- (আট হাজার নয়শত চুরাশি) টাকা | ৫০০/- (পাঁচশত) টাকা | | |
| ০৩ | সখিপুর পুরাতন পৌর ভবন সংলগ্ন পাবলিক টয়লেট | ১,৯৪,৮০০/- (এক লক্ষ চুরানব্বই হাজার আটশত) টাকা | ১০০০/- (এক হাজার) টাকা | | |

০১। দরপত্র বিক্রয়, গ্রহন ও খোলার বিবরণঃ

দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতি সেট হাট-বাজার ও পাবলিক টয়লেটের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে(অফেরতযোগ্য) জেলা প্রশাসক, টাঙ্গাইল এঁর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা,পুলিশ সুপারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার এঁর কার্যালয়, সখিপুর,উপজেলা ভূমি অফিস, সখিপুর, সোনালী ব্যাংক পিএলসি, সখিপুর শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে অফিস চলাকালীন সময়ে দরপত্র ক্রয় করা যাবে এবং দরপত্র সমূহ জেলা প্রশাসক, টাঙ্গাইল এঁর স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপারের কার্যালয়,উপজেলা নির্বাহী অফিসার এঁর কার্যালয়, সখিপুর, উপজেলা ভূমি অফিস, সখিপুর, এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে তফসিলে বর্ণিত নির্ধারিত তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ৩:০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। শর্তাবলী:

(ক) দরপত্রদাতাকে তার দাখিলকৃত দরের ৩০%(শতকরা ত্রিশ ভাগ) অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে (চেক গ্রহণযোগ্য নয়), প্রশাসক, সখিপুর পৌরসভার অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে অনুমোদিত দরদাতার ২০%(শতকরা বিশ ভাগ) অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ১০% (শতকরা দশ ভাগ) অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে।

(খ) যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারার অবশিষ্ট ৮০%(শতকরা আশি ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% (শতকরা পনর ভাগ) ভ্যাট (কোড নং ১/১১৩৩/০০৩৫/০৩১১) এবং ১০%(শতকরা দশ ভাগ) আয়কর (কোড নং ১/১১৪১/০১২০/০১১১) চালানের মাধ্যমে অবশ্যই একই সংগে জমা/পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল ও জামানত বাজেয়াপ্ত করা হবে।

(গ) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজার/ পাবলিক টয়লেটের সরকারি সম্ভাব্য ইজারা মূল্য হতে কম হয় তাহলে পুনরায় ইজারা দরপত্র আহবান করা হবে। এছাড়া দরপত্র সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী সফলকাম দরপত্র দাতা/ইজারাদারকে মেনে চলতে হবে। ব্যর্থতায় পৌর কর্তৃপক্ষ ইজারা বাতিল করতে পারবেন।

(ঘ) খামের উপরে দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের/পাবলিক টয়লেটের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

(ঙ) পৌর কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র/ সমুদয় দরপত্র গ্রহন কিংবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮/০১/২৬

মোঃ আবদুল্লাহ আল রনী
প্রশাসক
সখিপুর পৌরসভা ও
উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।